# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** | **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>স্রষ্টা ও সৃষ্টি | পাঠ ১:<br>স্রষ্টা ও সৃষ্টির ধারনা<br>পাঠ ২:<br>স্রষ্টা ও সৃষ্টির মধ্যকার সম্পর্ক<br>পাঠ ৩:<br>সকল জীবে স্রষ্টার অস্তিত্ব<br>পাঠ ৪:<br>ঈশ্বর সম্পর্কিত সংস্কৃত মন্ত্র ও সরল অর্থ | জীবে প্রেম করার মধ্য দিয়ে কিভাবে ঈশ্বরের সেবা করা যায় তা তোমার অথবা তোমার পারিবারিক জীবনের জীব সেবার কোনো অভিজ্ঞতা বর্ণনার মাধ্যমে উপস্থাপন কর। | পাঠ্যপুস্তক পড়ে বা তোমার পারিবারিক জীবন থেকে বা ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দৃষ্টান্ত নিয়ে লিখতে পারো।<br>(মানুষ বা অসহায় পশু-পাখি ইত্যাদি যেকোনো সেবার ঘটনা নিয়ে লিখতে পারো) | **অতি উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু প্রাসঙ্গিক (ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে লেখা), ধারনার যৌক্তিক উপস্থাপন<br>৩. উপস্থাপনায় নিজস্বতা<br>**উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তু অধিকাংশ প্রাসঙ্গিক (ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে লেখা)<br>৩. উপস্থাপনায় নিজস্বতা ।<br>**ভালো:**<br>১. সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে তবে কিছু অপ্রাসঙ্গিক কথা<br>৩. উপস্থাপনায় বইয়ের ভাষা রয়েছে তবে কিছু নিজস্বতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ভাষা পরিষ্কার নয় ও সহজবোধ্য নয়<br>২. বিষয়বস্তুতে মূলত অপ্রাসঙ্গিক<br>উপস্থাপনায় নিজস্বতা্র অভাব রয়েছে / অনুকরনের ছাপ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ**

**বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: আকাইদ | পাঠ- ১ (তাওহিদ)<br>পাঠ-২ (কালিমা তায়্যিবা)<br>পাঠ-৩ (কালিমা শাহাদাত)<br>পাঠ-৪ (ইমান মুজমাল)<br>পাঠ-৫ (আল-আসমাউল হুসনা) | তোমার চারপাশের নানা নিদর্শন উল্লেখসহ কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের আলোকে আল্লাহ তায়ালার একত্ববাদের উপর একটি প্রতিবেদন তৈরি কর। | • তাওহিদ, কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের ধারণা<br>• বিষয় শিক্ষক/ মাতা পিতা/ধর্মীয় জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের সাথে আলোচনা/ সহায়ক বই পুস্তক/ ইন্টারনেটের সহযোগিতা গ্রহণ | **অতি উত্তম:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন পরিপূর্ণ মাত্রায় উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের পরিপূর্ণ প্রতিফলন<br>• পরিপূর্ণ মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন অধিকাংশ ক্ষেত্রে উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের প্রতিফলন<br>• অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শনের আংশিক উপস্থাপন<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের আংশিক প্রতিফলন<br>• উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• আল্লাহ তায়ালার একত্ববাদের ধারণা ও নিদর্শন উপস্থাপনার অভাব<br>• একত্ববাদ উপস্থাপনায় কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাতের প্রতিফলনের অভাব<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | ভাষা ও বাংলা ভাষা (ব্যাকরণ) | ১.৫ ভাষার রূপ বৈচিত্র্য<br><br>(জ) সাধু ও চলিত ভাষা | ১. **নিচের রচনাংশটুকু চলিত রীতিতে রূপান্তর কর:**<br>তারপর স্বর্গীয় দূত পূর্বে যে টাকওয়ালা ছিল, তাহার কাছে গেলেন। সেখানে গিয়া আগের মতো একটি গাভি চাহিলেন। সেও ধবল রোগীর মতো তাহাকে কিছুই দিলনা। তখন স্বর্গীয়দূত বলিলেন, আচ্ছা, যদি তুমি মিথ্যা বলিয়া থাক, তবে যেমন ছিলে আল্লাহ তোমাকেআবার তেমনি করিবেন।<br><br>তারপর স্বর্গীয়দূত পূর্বে যে অন্ধছিল, তাহার কাছে গিয়া বলিলেন, আমি এক বিদেশি। বিদেশে আমার সম্বল ফুরাইয়া গিয়াছে। এখন আল্লাহর দয়া ছাড়া আমার দেশে পৌঁছিবার আর কোনো উপায় নাই। যিনি তোমার চক্ষু ভালো করিয়া দিয়াছেন, আমি তোমাকে সেই আল্লাহর দোহাই দিয়া একটি ছাগল চাহিতেছি; যেন আমি সেই ছাগল-বেচা টাকা দিয়া দেশে ফিরিয়া যাইতে পারি। | সাধু ও চলিত রীতির বৈশিষ্ট্যসমূহ জানতে পাঠ্যবইয়ের ৭নং পৃষ্ঠা পড়তে হবে। | ১. সর্বনাম ও ক্রিয়াপদগুলির সঠিকভাবে রূপান্তর করতে পারলে অতি উত্তম<br><br>২. সর্বনাম পদের আংশিক ও ক্রিয়াপদগুলি পরিপূর্ণভাবে রূপান্তর করতে পারলে উত্তম<br><br>৩. সর্বনাম ও ক্রিয়াপদগুলির আংশিক রূপান্তর করতে পারলে-ভালো<br><br>৪. সর্বনাম ও ক্রিয়াপদগুলির কোনো রূপান্তর করতে না পারলে - অগ্রগতি প্রয়োজন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:**<br>গৌতম বুদ্ধের জীবপ্রেম | পাঠ:১<br>গৌতম বুদ্ধের পরিচিতি<br>পাঠ:২<br>গৌতম বুদ্ধ ও জীবপ্রেম<br>পাঠ:৩<br>বুদ্ধের মৈত্রী প্রদর্শন<br>পাঠ:৪<br>গৌতম বুদ্ধ ও অহিংসা নীতি | তোমার দুই বন্ধু সকাল ৯টায় স্কুলে যাওয়ার পথে দেখলো একজন বৃদ্ধ লোক হঠাৎ মাথা ঘুরিয়ে রাস্তায় পড়ে গেল। অন্য দুইজন পথচারী তাকে উঠিয়ে সেবা করতে লাগলো। এই ঘটনার পরিপেক্ষিতে জীবপ্রেম বিষয়ক একটি প্রবন্ধ তৈরি করো। (২০০ শব্দ)<br><br>**সংকেত:**<br>(ক) ঘটনার স্থান ও সময়<br>(খ) উক্ত ঘটনায় পথচারীদের ভূমিকা<br>(গ) ঘটনা দর্শনে পাঠ্যবিষয়ের আলোকে তোমার অনুভূতি প্রকাশ<br>(ঘ) জীবের জন্য তোমার করণীয় | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের ১ম অধ্যায়।<br>২. বিষয় শিক্ষকের পরামর্শ।<br>৩. পরিবারের বয়োজ্যেষ্ঠদের সাথে আলোচনা।<br>৪. স্বাস্থ্যবিধি মেনে প্রতিবেশীর সাথে আলোচনা।<br>৫. ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. বাক্যের গঠন ও বানানরীতির সঠিকতা রক্ষা<br>৪. লেখার সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণ অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br>৩. বাক্যের গঠন ও বানানরীতি অধিকাংশ ক্ষেত্রে সঠিক<br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতি পূর্ণ।<br>৩. কিছু ক্ষেত্রে বাক্যের গঠন ও বানানরীতি সংগতিপূর্ণ নয়<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়।<br>৩. অধিকাংশ ক্ষেত্রে বাক্যের গঠন ও বানানরীতি সংগতিপূর্ণ নয়। |